

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪০৮৮  
কাঞ্চনপুর, ০৭ ডিসেম্বর, ২০২৩

**কাঞ্চনপুর মহকুমায় মৎস্যচাষে সহায়তা**

কাঞ্চনপুর মহকুমায় চলতি অর্থবছরে ৪ জন মৎস্যজীবিকে মৎস্যচাষে সহায়তা দেওয়া হয়েছে। মৎস্যদপ্তরের বার্ষিক কর্ম পরিকল্পনায় এই সহায়তা দেওয়া হয়। এই কর্মসূচিতে মহকুমার দশদা ও লালজুরি ব্লকে ২ জন করে মৎস্যচাষী উপকৃত হয়েছেন। সুবিধাভোগীদের ৮০০টি করে বিভিন্ন মাছের পোনা ও ১ হাজার করে পাবদা মাছের পোনা দেওয়া হয়েছে। তাছাড়াও সুবিধাভোগীদের মাছচাষের সহায়ক সামগ্রীও দেওয়া হয়। এজন্য ব্যয় হয়েছে ৪৬ হাজার টাকা। কাঞ্চনপুর মৎস্য তত্ত্বাবধায়কের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*